গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

“দুর্যোগ ঝুঁকি হ্রাসে সুশাসন নিশ্চিত করবে টেকসই উন্নয়ন” এই প্রতিপাদ্যে মেহেরপুরের গাংনীতে পালিত হচ্ছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

এ উপলক্ষে আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে অনুষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, তদন্ত ওসি সাজেদুল ইসলাম এবং স্থানীয় সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

ধর্ষণের সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ডের বিধান রেখে রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নারী ও শিশু নির্যাতন দমন আইনের যে খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন পেয়েছে, তা আজ মঙ্গলবার রাষ্ট্রপতির অধ্যাদেশ আকারে জারি করা হয়েছে।

জাতীয় সংসদের অধিবেশন না থাকায় তা আজ অধ্যাদেশের মাধ্যমে কার্যকর করা হলো।

এর আগে গতকাল সোমবার ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে ‘নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ, ২০০০’-এর খসড়া চূড়ান্ত অনুমোদন দেয় মন্ত্রিসভা।

আইনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড রাখার পাশাপাশি আরও দুটি সংশোধনী আনা হচ্ছে। এর মধ্যে একটি হলো যৌতুকের ঘটনায় মারধরের ক্ষেত্রে (ধারা ১১-এর গ) সাধারণ জখম হলে তা আপসযোগ্য হবে। এ ছাড়া এই আইনের চিলড্রেন অ্যাক্ট-১৯৭৪-এর (ধারা ২০-এর ৭) পরিবর্তে শিশু আইন ২০১৩ প্রতিস্থাপিত হবে।

সম্প্রতি নোয়াখালীতে এক নারীকে নির্যাতনের ভিডিও ফেসবুকে ভাইরাল হওয়ার পর থেকে রাজধানীসহ দেশজুড়ে ধর্ষণবিরোধী আন্দোলনের ঝড় উঠে। মানববন্ধন, বিক্ষোভ মিছিলসহ বিভিন্ন কর্মসূচি চলছে গত ৮ দিন ধরে।

এসব কর্মসূচি থেকে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি ‘মৃত্যুদণ্ডের’ দাবি উঠে। এমন পরিস্থিতিতে সরকার আইন পরিবর্তনের পদক্ষেপ নেয়।

সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, ধর্ষণের বিরুদ্ধে আন্দোলনে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করার দাবি এসেছে, তাই সরকার তা বিবেচনায় নিয়েছে।

দর্শনা বাস টার্মিনাল নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা বাস টার্মিনাল এর নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ ঘটিকায় দর্শনা বাস টার্মিনাল এর উদ্ভোদন করেন চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন সহ স্থানীয় নেতৃবৃন্দ।

দর্শনা বাস টার্মিনাল নির্মাণ কাজের উদ্বোধন শেষে চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বর্তমান সরকার উন্নয়নের সরকার। এই সরকার ক্ষমতায় থাকলে দেশ ও দেশের মানুষের উন্নয়ন হয়। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার অক্লান্ত পরিশ্রমের আর মেধার মাধ্যমে বাংলাদেশকে নিম্ন আয়ের দেশ থেকে মধ্যম আয় এবং তারপর বর্তমানে উন্নয়নশীল দেশ হিসাবে উন্নিত করেছেন।

বর্তমানে বাংলাদেশ আর সেই তলা বিহীন ঝুড়ি নাই। দেশের বড় বড় মেগা প্রজেক্টের কাজ চলছে। এই কাজ গুলো সম্পন্ন হলে বাংলাদেশ বিশ্বের দরবারে আরো মাথা উঁচু করে দাড়াবে। আর তারই ধারাবাহিকতায় আমরা তৃনমূল পর্যায়ে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করে চলেছি। আর আগামীতেও এভাবেই উন্নয়নমূলক কাজ আরো করতে চাই।

প্রতিপক্ষের হামলায় দু’জনের মৃত্যু আহত ১২

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে দু-দল গ্রামবাসীর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় সুফিয়া খাতুন (৬০) নামের এক বৃদ্ধা নিহত হয়েছে। ঘটনাটি গতকাল সোমবার সকালে উপজেলার ৬নং সারুটিয়া ইউনিয়নরে ভাটবাড়িয়া গ্রামে। নিহত বৃদ্ধা ভাটবাড়িয়া গ্রামের জালাল উদ্দিনের স্ত্রী। এ সময় আরো ৫ জন আহত হয় বলে জানা যায়। ঘটনা সাথে জড়িত সন্দেহে পুলিশ ৩ ব্যক্তিকে আটক করেছে। সংঘর্ষকারীরা স্থানীয় আওয়ামী লীগের কর্মী সমর্থক বলে জানান গ্রামবাসীরা।

স্থানীয়রা জানান, ৬◌ং সারুটিয়া ইউনিয়নে দীর্ঘদিন যাবত বর্তমান ইউপি চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক মাহমুদুল হাসান মামুন ও উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জুলফিকার কায়সার টিপুর মধ্যে বিরোধ চলে আসছে।

এ বিরোধের জের ধরে গ্রামে টিপু সমর্থক আজিবর মেম্বর ও মামুন সমর্থক আফজাল বিশ্বাসের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল। এ উত্তেজনাকে কেন্দ্র করে মামুন গ্রুপের সমর্থকরা গতকাল সোমবার

শৈলকুপা থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহাঙ্গীর আলম জানায়, আহত ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেছে বলে তিনি খবর পেয়েছেন। লুটপাট ও পরিস্থিতি স্বাভাবিক রাখতে বৃত্তিপাড়া এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

আলমডাঙ্গা অনুপনগরে বিষপানের ১৬ দিন পর গৃহবধুর মৃত্যু

আলমডাঙ্গার অনুপনগর গ্রামে বিষ পান করার ১৬ দিন পর খাদিজা বেগম নামের এক গৃহবধু মারা গেছে। খাদিজা গত ২৬ সেপ্টেম্বর বিষপান করে আত্মহত্যার চেষ্টা করে। গতকাল সোমবার বিকেলে সে মারা যায়।

নিহত খাদিজা বেগম আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নের অনুপনগর গ্রামের আব্দুল হামিদের মেয়ে এবং কুষ্টিয়ার ইবির পাটিকাবাড়ি গ্রামের পলাশ জোয়ার্দ্দারের স্ত্রী।

জানা গেছে, ক‘বছর আগে খাদিজা বেগমের সাথে পাটিকাবাড়ি গ্রামের পলাশ জোয়ার্দ্দারের বিয়ে হয়। কিছুদিন আগে খাদিজা স্বামীর বাড়ি থেকে পিতার বাড়ি অনুপনগর গ্রামে আসে। এবং গত ২৬ সেপ্টেম্বর সে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করে।

কিন্ত পরিবারের লোকজন দ্রুত তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করায়। সেখানে তিনদিন চিকিৎসার পর তাকে অনুপনগরে এনে চিকিৎসা দেওয়া হচ্ছিল। অবশেষে শরীরের বিষক্রিয়ায় সোমবার বিকেলে খাদিজা মারা যায়।

কালীগঞ্জে আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

করোনার মধ্যে দূর্বৃত্তদের দ্বারা কৃষকের ফসলের ক্ষতি এবং শহরের মধ্যে যানজটসহ নানা প্রকার ঘটনা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়েছ।

গতকাল সোমবার সকালে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভায় সদস্যরা এসব উদ্বেগ প্রকাশ করে তা নিয়ন্ত্রণের জন্য পুলিশ প্রশাসনের প্রতি আহ্বান জানান। কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহার সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কমিটির উপদেষ্টা ও উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব এস এম জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, কালীগঞ্জ পৌর সভার মেয়র আশরাফুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ থানার অফিসার ইনচার্জ মুহাম্মদ মাহফুজুর রহমান মিয়া, ইউপি চেয়ারম্যান মোদাচ্ছের হোসেন, আইউব হোসেন, নাছির উদ্দীন চৌধুরী, ইকরামুল হক সংগ্রাম, ইলিয়াস রহমান মিঠু, রাজু আহমেদ রনি লস্কর, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস।

সভায় আরো উপস্থিত ছিলেন, দৈনিক কালের কন্ঠ পত্রিকার কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি নয়ন খন্দকার, দৈনিক নবচিত্র স্টাফ রিপোর্টার ও আমার সংবাদ কালীগঞ্জ প্রতিনিধি শাহ আলম, একাত্তর টিভি মিশন আলী, মেহেরপুর প্রতিদিনের তানজির রহমান প্রমুখ।

কমিটির সদস্যরা জানান, করোনার মধ্যে বাল্যবিবাহ বৃদ্ধি গ্রামঅঞ্চল গুলোতে বিভিন্ন জুয়া খেলা এবং উঠতি বয়সের যুবকেরা মাদকের দিকে বেশি আসক্ত হচ্ছে।

এছাড়াও শহরের মধ্যে ভারী যানবাহন চলাচল করে যানজটের সৃষ্টি হওয়ায় জনদুর্ভোগ বেড়েছ। এবং সন্ধার পর বিভিন্ন যানবাহনে এল ই ডি বাল্বের কারনে শহরের ভিতর চলাচল করতে খুুুবই অসুবিধা হয়। সাথে সাথে বেড়েছে গ্রামের কৃষকের ফসলের উপরে দূর্বৃত্তদের হানা।

সভায় অবিলম্বে এসব ঘটনার সমাধান ও মাদক এবং জুয়ার বিরুদ্ধে

ব্যাবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। শহরের ইজিবাইক ও মটর চালিত রিক্সা হতে এল ই ডি বাল্ব অপসারণ করা সহ আসন্ন দূর্গাপুজা উপলক্ষে আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে ও করোনার মধ্যে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচলের নির্দেশ দেওয়া হয়।

কুষ্টিয়ায় জাতীয় শ্রমিকলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জাতীয় শ্রমিকলীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে জেলা আওয়ামী লীগের সম্মেলন কক্ষে অনুষ্টিত আলোচনা সভায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলী।

কুষ্টিয়া জেলা শ্রমিকলীগের সভাপতি আনোয়ারুল হকের সভাপতিত্বে প্রধান বক্তার বক্তব্য রাখেন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা।

কুষ্টিয়া জেলা শ্রমিকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আইয়ুব হোসেনের পরিচালনায় আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জাতীয় শ্রমিকলীগ কুষ্টিয়া জেলা শাখার সাবেক সভাপতি গোলাম মোস্তফা, কার্যকরী সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফকির মুকুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন বাদশা, রেনউইক শ্রমিকলীগের সভাপতি সেলিম রেজা রিপন,

যুব শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক জাফর ইকবাল, জাতীয় রিকশা ভ্যান শ্রমিক লীগের সভাপতি আক্কাস আলী, সাধারণ সম্পাদক সেলিম রেজা, কুমারখালী উপজেলা শ্রমিক লীগের সহ সভাপতি মনিরুল ইসলাম,জনতা ব্যাংক শ্রমিক লীগের সভাপতি সেলিম হোসেন, রুপালী ব্যাংক শ্রমিক লীগের সভাপতি মোয়াজ্জেম হোসেন, বাপাউবো সিবিএ ইউনিট কমিটি কুষ্টিয়ার সাধারণ সম্পাদক রহমত আলী প্রমুখ।

সভায় বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন শ্রমিক লীগের প্রতিটি স্তরের নেতারা জননেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে কাজ করে যাচ্ছেন।

আদর্শবান সংগঠনের নামই হলো জাতীয় শ্রমিকলীগ উল্লেখ করে নেতৃবৃন্দ বলেন, দেশ স্বাধীনের সময় শ্রমিক নেতাদের জীবন দিয়ে এদেশে আন্দোলনের স্বাধীনতা সুতিকাগার সৃষ্টি হয়েছিল। শ্রমিকলীগ সংগঠন সহ মাদার সংগঠন আওয়ামী লীগের হাতকে শক্তিশালী করতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে ।

জীবননগরে বয়স্ক ভাতা, বিধবা ভাতার কার্ডসহ ঘর দেওয়ার নামে অর্থ আদায়

জীবননগরে বয়স্ক ভাতা, বিধবা ভাতার কার্ডসহ দুর্যোগসহনীয় ঘর দেওয়ার নামে অর্থ নেওয়ার অভিযোগ উঠেছে উথলী ইউনিয়ন পরিষদের ২নং ওর্য়াড মম্বার মঈনুল হাচানের বিরুদ্ধে।

অভিযোগ সুত্রে জানা গেছে, উথলী গ্রামের মৃত আনিছ উদ্দিনের মেয়ে বিধবা সফুরা খাতুনের স্বামী মারা যাওয়ার পরে তাকে একটি বিধবা ভাতার কার্ড দেওয়ার নাম করে আমার নিকট থেকে ১ হাজার টাকা চাই আমি টাকা দিতে না পারায় এক বছর যাবৎ কার্ড দেওয়ার নাম করে আমাকে ঘুরাচ্ছে, আর বলছে টাকা দিলে কার্ড হবে তা না হলে কার্ড হবে না। আমি মাঠে মাঠে কাজ করে খাই আমি টাকা কোথায় পাবো।

একই অভিযোগ করেন উথলী গ্রামের মালপাড়ার মৃত হকাজ্জেল মন্ডলের ছেলে জামাত আলী বলেন, আমাকে একটি বয়স্ক ভাতার কার্ড করে দিবে বলে মঈনুল মেম্বার আমার কাছ থেকে প্রথমে ৩ হাজার টাকা নেয় পরে আমার বইতে থাকা ৬ হাজার টাকা তুলে নেয়। এবং পরে বলে আমাকে একটি সরকারি ভাবে ঘর তৈরি করে দিবে এ জন্য তিনি আমার ছেলে রাকিবের কাছ থেকে ১০ হাজার টাকা নেয়। এখন আমার ঘর ও দিচ্ছে না আবার আমার টাকাও

ফেরত দিচ্ছে না।

অবশেষে আমি বাধ্য হয়ে সুষ্ঠ বিচারের জন্য জীবননগর উপজেলা চেয়ারম্যান ও ইউএনওর কাছে একটি লিখিত অভিযোগ করেছি।

উথলী ইউনিয়ন পরিষদের ২নং ওর্য়াড মেম্বার মঈনুল হাচান মঈন বলেন, আমি কারও বয়স্ক ভাতা, বিধবা ভাতা এমন কি ঘর দেওয়ার নাম করে টাকা গ্রহন করিনি। একটি চক্র আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলে হয়রানি করার চেষ্ঠা করছে।

উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ বলেন, আমার ইউনিয়ন এমন কোন ঘটনা এখনও পর্যন্ত ঘটেনি তবে এ ঘটনার সাথে যদি কোন ইউপি সদস্য জড়িত থাকে তা হলে তদন্ত পুর্বক ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান বলেন, উথলী ইউনিয়নের ২নং ওর্য়াড সদস্যর বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে এ বিষয়ে এখন পর্যন্ত কোন অভিযোগ আমাদের নিকট আসেনি অভিযোগ পেলে তদন্ত পুর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন বলেন, উথলী ইউনিয়নের ২নং ওর্য়াড মেম্বারের বিরুদ্ধে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও সরকারী ঘর দিবে বলে অর্থ নিয়েছে এমন দুটি অভিযোগ পেয়েছি এটি তদন্ত করা হবে তদন্ত পুর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়া শহর শ্রমিকলীগের উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জাতীয় শ্রমিকলীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে কুষ্টিয়া শহর শ্রমিকলীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে শহরের জিকে শেখ রাসেল খেলার মাঠে আলোচনা সভায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জেলা মহিলা শ্রমিক লীগের

সাধারণ সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

শহর শ্রমিকলীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপনের সভাপতিত্বে প্রধান প্রধান বক্তা ছিলেন জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এএইচ এম মতিউর রহমান।
বিশেষ অতিথি ছিলেন, জেলা শ্রমিক লীগের সহসভাপতি জিল্লুর রহমান, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, সহ সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, প্রচার সম্পাদক আব্দুর রশীদ খান,

শহর শ্রমিক লীগের সহসভাপতি মারফত আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আমির হোসেন, প্রচার সম্পাদক ঝন্টু মৃধা, সদস্য তপন হোসেন, ১ নং ওয়ার্ডের কাউন্সিলর রবিউল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগের সহসভাপতি কাবুল চৌধুরী, সাবেক সভাপতি শামসুজ্জামান মনি, যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ বান্দা পুলক, সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম মানিক, ১ নং ওয়ার্ড শ্রমিক লীগের সভাপতি ইমরান খান, সাধারণ সম্পাদক সাগর শিকদার প্রমুখ।

বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন শ্রমিকলীগের প্রতিটি স্তরের নেতারা জননেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে কাজ করে যাচ্ছেন। বক্তারা আরও বলেন,

শ্রমিকলীগকে শক্তিশালী ও ঐক্যবদ্ধ করতে সবাইকে এক প্লাটফর্মে আসতে হবে এবং সর্বত্র এই কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি দিয়ে শ্রমিকদের স্বার্থ উদ্ধারে কাজ করতে হবে পাশাপাশি শিশু ও যুবদের বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হওয়ার তাগিদ দেন তারা।

মুজিবনগরে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বছরপূর্তি কেকে কেটে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী।